

**দুর্নীতি দমন কমিশনের সকল পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য
রেশন নীতিমালা, ২০২০**

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রযোগ:

- (ক) এই নীতিমালা “দুর্নীতি দমন কমিশনে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য রেশন নীতিমালা, ২০২০” নামে অভিহিত হইবে।
- (খ) এই নীতিমালার সকল বিধান দুর্নীতি দমন কমিশনে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর জন্য প্রযোজ্য হইবে।
- (গ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। দুর্নীতি দমন কমিশনে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী নিজের ও পরিবারের সদস্যদের জন্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে রেশন প্রাপ্ত হইবেন।

৩। রেশন আইটেম ও ক্ষেত্র:

কর্মচারীদের চাকুরি/পদে যোগদানের তারিখ সহিত নিম্নলিখিত আইটেমসমূহের বিপরীতে প্রদর্শিত হারে রেশন প্রদান করা হইবে:

দ্রব্যের নাম	১(এক) সদস্য মাসিক ক্ষেত্র কেজি/লিটার	২(দুই) সদস্য মাসিক ক্ষেত্র কেজি/লিটার	৩(তিনি) সদস্য মাসিক ক্ষেত্র কেজি/লিটার	৪(চার) সদস্য মাসিক ক্ষেত্র কেজি/লিটার
চাল(সিঙ্গা/আতব)	১১ কেজি	২০ কেজি	৩০ কেজি	৩৫ কেজি
আটা	১২ কেজি	২০ কেজি	২৫ কেজি	৩০ কেজি
চিনি	১.৭৫ কেজি	৩ কেজি	৪ কেজি	৫ কেজি
ডাল	৩.৫ কেজি	৫.৫ কেজি	৭ কেজি	৮ কেজি
ভোজ্য তেল	২.৫ লিটার	৪.৫ লিটার	৬ লিটার	৮ লিটার

৪। প্রাধিকারপ্রাপ্ত কর্মচারী:

দুর্নীতি দমন কমিশনে কর্মরত সকল পর্যায়ের কর্মচারী।

৫। রেশন প্রদান পদ্ধতি:

(ক) রেশনাগণ (Rationee) সংশ্লিষ্ট কর্পক্ষ হইতে নিজ নিজ নামে ইস্যুকৃত রেশন কার্ড সংগ্রহপূর্বক নিজ ও পরিবারের সদস্যগণের (পরিবারের অবস্থান দেশের অভ্যন্তরে কর্মসূল বাহির্ভূত হলেও) জন্য নির্ধারিত হারে (ক্ষেত্র) রেশন উত্তোলন করিতে পরিবেন।

(খ) প্রত্যেক কর্মচারী নিজ নিজ কর্মরত ইউনিট (পুলিশ রেশন স্টেট) অথবা নিকটস্থ ইউনিট (যে ক্ষেত্রে নিজ ইউনিটে/জেলায় রেশন প্রদান সুবিধা নাই) হইতে নির্ধারিত মূল্য নগদ পরিশোধ করিয়া রশিদ প্রহণপূর্বক নিজ ও পারিবারিক রেশন উত্তোলন করিতে পারিবেন। কর্মচারীগণ নিজ নিজ কর্মরত জেলা/ইউনিট ছাড়াও অন্য যে কোন জেলা/ইউনিট (পুলিশ রেশন স্টেট) হইতে নিজ নিজ প্রাধিকার ক্ষেত্র অনুযায়ী নিজ ও পারিবারিক রেশন উত্তোলন করিতে পারিবেন। তবে একেক্ষে দ্ব-দ্ব নিয়ন্ত্রণকারী অবস্থিত করিবেন।

(গ) প্রত্যেক কর্মচারী নিজ নিজ কর্মরত ইউনিট এলাকাধীন পুলিশ রেশন স্টেট হইতে নির্ধারিত মূল্য পরিশোধ করিয়া রশিদ প্রহণপূর্বক নিজ ও পারিবারিক রেশন উত্তোলন করিতে পারিবেন।

৬। রেশন প্রদানের বিষয়ে নিম্নলিখিত শর্তসমূহ অনুসরণ করা হইবে:

- (ক) প্রত্যেক কর্মচারী নিজে, তার স্বামী/স্ত্রী এবং সর্বোচ্চ ২ (দুই) সত্তান রেশন প্রাপ্ত হইবে।
- (খ) একাধিক স্ত্রীর ক্ষেত্রে কেবল একজনেই রেশন প্রদানের ঘোষণ হইবেন।
- (গ) সত্তানদের ২৫ বছর বয়োপ্রাপ্তি পৃষ্ঠাত রেশন প্রদান করা যাইবে। তবে এই সময় সীমার পূর্বেই কোন সত্তান বিবাহ বদ্ধনে আবদ্ধ হইলে অথবা অর্থ উপার্জনের সক্ষম হইলে উক্ত সত্তান রেশন প্রাপ্ত হইবে না।
- (ঘ) প্রত্যেক পরিবারে রেশন প্রাপ্ত সদস্য সংখ্যা ৪ (চার) জনের অধিক হইবে না।
- (ঙ) উপরের 'গ' উপানুচ্ছেদে যাইহাই উল্লেখ করা হউক না কেন শারীরিকভাবে অসমর্থ, গচ্ছ অথবা বিকলাপ (গ্রেভিবক্সি) সত্তানাদি যদি পিতা-মাতার উপর নির্ভরশীল হয় তবে যত দিন তিনি নির্ভরশীল থাকিবেন ততদিন রেশন প্রাপ্ত হইবেন। এ ক্ষেত্রে যথাযথ ডাক্তারী সনদ পত্রের প্রয়োজন হইবে।
- (চ) স্বামী-স্ত্রী উভয়ই দুর্নীতি দমন কমিশনে কর্মরত হইলে যে কোন একজন রেশন সুবিধা প্রাপ্ত হইবেন। অপরাজন পরিবারের সদস্য হিসেবে রেশন প্রাপ্ত হইবেন।

(ছ) স্বামী-স্ত্রী উভয়ই যদি তিনি রেশন সুবিধা সম্পর্কে সংস্থায় কর্মরত থাকেন তাহা হলে উভয়ের যে কোন একজন তাহার নিজ সংস্থা হইতে রেশন উত্তোলন করিতে পারিবেন এবং অপরজন পরিবারের সদস্য হিসাবে রেশন প্রাপ্ত হইবেন।

- ৭। পিআরএল-এ থাকাকালীন প্রত্যেক সদস্য একই হারে রেশন প্রাপ্ত হইবেন।
- ৮। সাময়িক বরখাস্তকালীন নিজ এবং পরিবারের জন্য রেশন প্রাপ্ত হইবেন।
- ৯। ভবিষ্যতে রেশন ধনাদান সংক্রান্ত পুলিশ বিভাগের রেশন জীতিমালার যে কোন পরিবর্তিত বিধি-বিধান এর আলোকে/প্রয়োজনে যে কোন সময়ে কমিশন এই নীতিমালা সংশোধন/পরিবর্তন করিতে পারিবেন।
- ১০। বিশেষ দিবসসমূহে প্রীতিভোজ উপলক্ষে প্রাধিকারপ্রাপ্ত সকল কর্মচারী সরকারি নীতিমালার আলোকে বিশেষ রেশন সুবিধা প্রাপ্ত হইবেন।
- ১১। রেশন উত্তোলনের ক্ষেত্রে কোন প্রকার Back Feeding প্রযোজ্য হইবে না।

(মুহাম্মদ দিলোয়ার বখত)

সঠিক

দুর্ঘীতি দমন কমিশন